



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৭ সেপ্টেম্বর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

সংস্কারবাদী কর্তৃক গত এক সপ্তাহে ৭ ব্যক্তিকে অপহরণের নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) -এর কেন্দ্রীয় সংগঠক শান্তিদেব চাকমা আজ বৃহস্পতিবার, ২৭ সেপ্টেম্বর ২০১৮ সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে সেনা-মদদপুষ্ট জেএসএস সংস্কারবাদী কর্তৃক গত এক সপ্তাহে সাত নিরীহ গ্রামবাসীকে অপহরণ, নির্যাতন ও এদের মধ্যে একজনকে অপহরণের পর খুনের ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, সামরিক ও বেসামরিক প্রশাসনের ছত্রছায়ায় সংস্কারবাদী সন্ত্রাসীরা অবাধে ও নির্বিঘ্নে এই সব অপকর্ম চালিয়ে যাচ্ছে, কাজেই প্রশাসনকেই এর দায় নিতে হবে।

ঘটনার বর্ণনা দিয়ে তিনি বলেন, গত ১৯ সেপ্টেম্বর বুধবার বিধান চাকমার নেতৃত্বে জেএসএস সংস্কারবাদী সন্ত্রাসীরা দীঘিনালার বাবুছড়া ইউনিয়নের বাসিন্দা মোহন লাল চাকমা (পিতার নাম শৈব রঞ্জন চাকমা) নামে এক ব্যক্তিকে দীঘিনালা সদরে ডেকে সেখান থেকে অপহরণ করে মেরুং-এর মনের মানুষ এলাকায় নিয়ে যায়। পরে ৮ লক্ষ টাকা মুক্তিপণের বিনিময়ে তাকে ছেড়ে দেয়া হয়।

গত ২২ সেপ্টেম্বর শনিবার জেএসএস সংস্কারবাদী সন্ত্রাসীরা দীঘিনালার ২ নং বোয়ালখালি ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের কাউলী মুরো গ্রামের বাসিন্দা রতন কুমার চাকমার ছেলে কালা চাকমাকে (৩৫) অপহরণ করে। তাকে পরে ৩ লক্ষ টাকা মুক্তিপণের বিনিময়ে ছেড়ে দেয়া হয়।


গত ২১ সেপ্টেম্বর শুক্রবার দুপুর ১টায় জেএসএস সংস্কারবাদীরা খাগড়াছড়ির দীঘিনালার মেরুং ইউনিয়নের মায়াফা পাড়া থেকে তীর্থ মোহন ত্রিপুরার ছেলে চন্দন ত্রিপুরাকে (৪৫) নিজ বাড়ি থেকে অস্ত্রের মুখে অপহরণ করে। অপহরণের পর তার মুক্তির জন্য পরিবারের কাছ থেকে ৫ লক্ষ টাকা দাবি করা হয়। কিন্তু যথাসময়ে ধার্যকৃত টাকা দিতে ব্যর্থ হলে সন্ত্রাসীরা তাকে হত্যা করেছে বলে তার পরিবারের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে।

জেএসএস সংস্কারবাদীরা গত ২৫ সেপ্টেম্বর মঙ্গলবার রাঙামাটির নানিয়াচর বাজার থেকে দক্ষিণ মরাচেসী গ্রামের তিন ব্যক্তিকে অপহরণ করে। এরা হলেন জয়ধন চাকমা (৩৫) পিতা প্রভাত চন্দ্র চাকমা, ভাগ্যধন চাকমা (৩৮) পিতা বড়পেদা চাকমা ও অনাময় চাকমা (২৭) পিতা মুরতি রঞ্জন চাকমা। তাদের মুক্তির জন্য পরিবারের কাছ থেকে আড়াই লক্ষ টাকা দাবি করা হয়েছে।

গত ২৬ সেপ্টেম্বর বুধবার বাঘাইছড়ি উপজেলা সদর থেকে রূপকারী ইউনিয়নের গলাছড়ি গ্রামের বাসিন্দা নোয়ারাম চাকমাকে অপহরণ করা হয়। সংস্কারবাদীরা তাকে ব্যাপক শারীরিক নির্যাতনের পর ছেড়ে দেয়।

শান্তিদেব চাকমা গত বছর নভেম্বর থেকে আজ পর্যন্ত জেএসএস সংস্কারবাদীরা মোট ২৬ জনকে খুন ও কমপক্ষে ৯২ জনকে অপহরণ করেছে বলে বিবৃতিতে অভিযোগ করেন।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।